

কালের বর্ধ

তারিখ ০৮ ০৮ ১৯৫৩
সংখ্যা ২

মহার্ষি ভাতা পেয়ে
উচ্ছ্বসিত বেসরকারি
শিক্ষক সংগঠনগুলো
প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা

নিজস্ব প্রতিবেদক ▶

সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের ২০ শতাংশ মহার্ষি ভাতা দেওয়ায় প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন শিক্ষক নেতারা। গতকাল সোমবার বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের সভায় এ কৃতজ্ঞতা জানানো হয়। সংগঠনের সেগুনবাগিচার কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সংগঠনের অন্যতম আহ্বায়ক আলী আহমদ। বক্তব্য দেন আহ্বায়ক ড. নূর মোহাম্মদ তালুকদার, অধ্যক্ষ মো. শাহজাহান আলম সাজু, অন্যতম সমন্বয়কারী রাজিত কুমার সাহা, অধ্যক্ষ আবু বকর চৌধুরী, অধ্যক্ষ এ কে এম মাকসুদুর রহমান, মো. শাহজাহান খান ও ফখরুদ্দিন জিগার।

স্বাধীনতা শিক্ষক পরিষদের আহ্বায়ক অধ্যাপক ড. আব্দুল মান্নান চৌধুরী ও সদস্যসচিব অধ্যক্ষ মো. শাহজাহান আলম সাজুও প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে অভিনন্দন জানিয়েছেন।